দৈনিক খবর

০৩

তারিখ 19 MAY 1989
পৃষ্ঠা ... কলাম ...

# 'আমার রাজনীতির রূপরেখা' ঃ জিয়ার গ্রন্থের প্রকাশনা

॥ স্টাফ রিপোর্টার ॥

মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমানের "আমার রাজনীতির রূপরেখা" গ্রন্থের প্রকাশনা উৎসব অনুষ্ঠানে প্রিন্সিপাল আবুল কাশেম বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার জন্য জিয়ার চিন্তা-চেতনা বিশেষভাবে আজ প্রয়োজন। রাষ্ট্রপতি জিয়ার চিন্তা-চেতনা দিশেহারা জাতিকে পথ দেখাবে এবং আগ্রাসী শক্তির বিরুদ্ধে সোচ্চার হতে আমাদের সাহস যোগাবে।

গতকাল বৃহস্পতিবার হোটেল পূর্বাণীতে "আমার রাজনীতির রূপরেখা" গ্রন্থের প্রকাশনা উৎসবে তিনি বক্তৃতা করছিলেন। বিএনপি স্থায়ী কমিটির সদস্য

৭-এর পাতায় দেখুন



*বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়াকে গতকাল বৃহস্পতিবার হোটেল পূর্বাণীতে রাষ্ট্রপতি জিয়াউর রহমানের 'আমার রাজনীতির রূপরেখা' গ্রন্থটির প্রকাশনা উৎসবে বইটি উপহার দেন লেঃ কর্নেল (অবঃ) আ স ম মোস্তাফিজুর রহমান* ——খবর

## আমার রাজনীতির

প্রথম পৃষ্ঠার পর

লেঃ কর্নেল (অবঃ) আ স ম মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে প্রকাশনা উৎসবে আরো আলোচনা করেন ডঃ এস এম লুৎফর রহমান, দৈনিক ইত্তেফাকের ভারপ্রাপ্ত সম্পাদক আখতার-উল- আলম, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সভাপতি রিয়াজ উদ্দিন আহমেদ, জাতীয় প্রেসক্লাবের সভাপতি গিয়াস কামাল চৌধুরী, বিএফইউজে'র সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ জাফর, ডঃ খন্দকার মোশাররফ হোসেন।

বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়া, সাবেক মহাসচিব প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী, মহাসচিব ব্যারিস্টার আবদুস সালাম তালুকদারসহ বিএনপি'র নেতা ও কর্মীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রিন্সিপাল আবুল কাশেম দেশের সচেতন নাগরিকেরই বইটি একবার পড়ে দেখা প্রয়োজন বলে উল্লেখ করে বলেন, মরহুম জিয়াউর রহমান বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করার জন্য কতকগুলো বুনিয়াদী কাজ করেছেন। তার মধ্যে একটি হলো বাংলাদেশী জাতীয়তাবাদ প্রতিষ্ঠা।

আখতার-উল- আলম বইটি বিএনপি'র সকল নেতা-কর্মীকে পড়ার আহবান জানিয়ে রাষ্ট্রপতি জিয়ার দর্শন ও জাতীয়তাবাদে উদ্বুদ্ধ হয়ে সেই আলোকে দেশের ভবিষ্যৎ আইন, অর্থনীতি ও রাজনীতিসহ প্রত্যেক বিষয়ে পৃথক বই লেখার আহবান জানান।

রিয়াজ উদ্দিন আহমেদ বলেন, রাষ্ট্রপতি জিয়া বাংলাদেশী জাতীয়তাবাদের চেতনায় দেশকে গণতান্ত্রিক ও স্বনির্ভর করতে চেয়েছিলেন।

গিয়াস কামাল চৌধুরী তার আলোচনায় জিয়ার আমলের সাথে অতীত এবং বর্তমান আমলের তুলনা করে বলেন, জিয়ার আমলে আমরা ভাল ছিলাম, এখন দুঃস্থ হয়ে পড়েছি।

সৈয়দ জাফর বলেন, জাতীয়তাবাদী শক্তিগুলো এ গ্রন্থ পড়ে অনুপ্রেরণা পাবে।

ডঃ এস এম লুৎফর রহমান বলেন, বাংলাদেশী জাতীয়তাবাদ সম্পর্কে বিএনপি কর্মীরা গুরুত্বারোপ করলে দেশের রাজনীতির অবস্থার বহু পরিবর্তন হতো।

ডঃ মোশাররফ হোসেন রাষ্ট্রপতি জিয়ার খাল কাটা কর্মসূচীর কথা উল্লেখ করে বলেন, এ কর্মসূচী বাতিল করে দেশ আজ কি অবস্থার সম্মুখীন হয়েছে তা সবাই উপলব্ধি করতে পেরেছে। খরা, বন্যা প্রাকৃতিক দুর্যোগের এই দেশে খাল কাটা কর্মসূচী যে কত উপযোগী জিয়াউর রহমান তা বুঝেছিলেন।